**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:25-09-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**100 days of 3rd NDA :**

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা ২০৪৭ সালের মধ্যে প্রধানমন্ত্রীর বিকশিত ভারতের স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে এক গুরুত্বপূর্ন মাইলফলক হিসেবে স্বাস্থ্যমন্ত্রকের স্বাস্থ্য গবেষনা বিভাগের ১০০ দিনের কর্মসুচীর সফল রূপায়নের কথা ঘোষনা করেছেন। তিনি বলেন, এই পদক্ষেপসমূহের মধ্যে আছে স্বাস্থ্য ও চিকিৎসা সেবা ক্ষেত্রে নতুন উদ্ভাবন, মহামারীর মতো পরিস্থিতির জন্য প্রস্তুতি ও দেশীয় চিকিৎসা পদ্ধতির বিকাশ এবং চিকিৎসা সমস্যা সমাধানে পরিবর্তনীয় কর্মকান্ড।

এগুলির মধ্যে রয়েছে মেড টেক মিত্র, এটি ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ এবং সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশানের একটি যৌথ উদ্যোগ। ২৫০ জনেরও বেশি উদ্ভাবক, স্টার্ট-আপ এবং শিল্প অংশীদারদের এই প্ল্যাটফর্মে নিযুক্ত করা হয়েছে যা তাদের নিয়ন্ত্রনমূলক পন্য, ক্লিনিক্যাল বৈধতা এবং মান উন্নয়নের প্রক্রিয়ার সামনে আসা চ্যালেঞ্জ মোকাবেলায় সহায়ক হয়ে উঠবে।

এনওএইচএম হ'ল মানব, প্রাণী এবং পরিবেশগত স্বাস্থ্যের সংযোগস্থলে রোগ মোকাবেলার একটি সমন্বিত পদ্ধতি। সরকারের প্রথম ১০০ দিনে এই মিশনের অধীনে 'এক স্বাস্থ্য' পদ্ধতির সঙ্গে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

ভবিষ্যতে মহামারী মোকাবেলার প্রস্তুতিকে শক্তিশালী করার জন্য বিশেষ উদ্যোগ নেয়া হয়েছে।

বিরল রোগের ক্ষেত্রে দেশীয় ওষুধের উন্নয়নের জন্য সাশ্রয়ী মূল্যের স্বাস্থ্যসেবায় ডিএইচআর ৮টি রোগের জন্য ১২টি দেশীয় ওষুধ বিকাশের একটি কর্মসূচি চালু করতে চলেছে।

***************************

**BJP-Press Meet :**

বিজেপি'র পক্ষ থেকে গতকাল এনএলএফটি ও এটিটিএফের বৈরীরা আত্ম সমর্পন করে সমাজের মূল স্রোতে ফিরে আসায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে ধন্যবাদ জানানো হয়। রাজ্য বিজেপির প্রদেশ কার্যালয়ে এক সংবাদিক সম্মেলনে গতকাল দলের সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য ধন্যবাদ জানান। তিনি সরকারের বিরুদ্ধে তোলা কংগ্রেস দলের অভিযোগকে খণ্ডন করে বলেন বর্তমান সরকারের আমলে মানুষ সুবিচার পাচ্ছেন। সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দলের সাধারণ সম্পাদক বিপিন দেব্বর্মা।

************************

**BJP Meeting-South :**

বিজেপি দলের সদস্যতা অভিযানকে সামনে রেখে গতকাল বিলোনিয়ার ঋষ্যমুখ বিধানসভার রতনপুর কমিউনিটি হলে দলের এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রদেশ বিজেপি সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য, প্রাক্তন বিধায়ক দিলীপ চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

**********************

**CM-ICFAI University :**

রাজ্য সরকার রাজ্যের শিক্ষার পরিকাঠামো উন্নয়ন এবং গুণগত শিক্ষার প্রসারে সর্বাধিক গুরুত্ব দিয়েছে। গতকাল কামালঘাটস্থিত ইকফাই বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা একথা বলেন। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের অগ্রগতির মধ্যে পূর্বাঞ্চলের

উন্নয়নের কথা সবসময় তুলে ধরছেন। মুখ্যমন্ত্রী রাজ্যে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয় গড়ে তোলার পাশাপাশি নতুন জাতীয় শিক্ষানীতির কথাও উল্লেখ করেন। তিনি বলেন রাজ্যের ছেলেমেয়েরা এখন উচ্চশিক্ষা রাজ্যেই গ্রহণ করতে পারছে। মুখ্যমন্ত্রী গুণগত শিক্ষার প্রসারে ইকফাই বিশ্ববিদ্যালয়ের প্রশংসা করেন এবং ছাত্রছাত্রীদের উজ্জ্বল ভবিষ্যত কামনা করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইকফাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. বিপ্লব হালদার ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. এ রঙ্গনাথ।

************************

**Guru Purnima-Sepahijala :**

বিশ্রামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে সিপাহীজলা জেলাভিত্তিক গুরু পূর্ণিমা ও গুরু সংবর্ধনা অনুষ্ঠান গতকাল অনুষ্ঠিত হয়। সিপাহীজলা জেলা তথ্য সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ও জিলা পরিষদের সহায়তায় আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্ঠা কমিটির ভাইস-চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার প্রমুখ।

***************************

**Blood Donation :**

সেবা পক্ষ কার্যক্রমের অঙ্গ হিসেবে গতকাল কমলপুর বিজেপি ভবনে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কান্তি দেব, বিজেপি কমলপুর মন্ডল কমিটির সাধারণ সম্পাদক কেশব ভৌমিক, ব্লাড ডোনার অ্যাসোসিয়েশনের সম্পাদক অর্জুন দে প্রমুখ।

***************************

**Legal Services Camp-Sepahijala :**

সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার কমলনগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে গতকাল এক মেগা আইনি সহায়তা শিবির অনুষ্ঠিত হয়। সিপাহীজলা জেলা আইন সেবা কর্তৃপক্ষ ও জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল। তিনি বলেন নেশার ক্ষেত্রে গোটা রাজ্যের মধ্যে সিপাহীজলা জেলা খারাপ অবস্থানে রয়েছে। অন্যদিকে বাল্যবিবাহে উত্তর-পূর্বাঞ্চলের মধ্যে ৫ম স্থানে। এই দুই সামাজিক ব্যাধি দূর করা একা প্রশাসনের পক্ষে সম্ভব নয়। তাই সমাজের সকল অংশের মানুষকে এই ব্যাধির বিরুদ্ধে এগিয়ে আসার আবেদন জানান তিনি। অনুষ্ঠানে জেলা আইনসেবা কর্তৃপক্ষের সচিব হেনা বেগম, জেলা ও দায়রা বিচারক পি. কুমার, চিফ লিগাল এইড ডিফেন্স কাউন্সিল পি.কে দেব, সিপাহীজলা জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর প্রমুখ উপস্থিত ছিলেন। শিবিরে পি.আর.টি.সি, এস.সি, এস.টি, জন্ম-মৃত্যু নিবন্ধীকরণ সহ বিভিন্ন আইনি ও সরকারি পরিষেবা প্রদান করা হয়।

****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিস কল দিয়ে প্রাপ্ত লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

****************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে ফরোয়ার্ড ক্লাব ও লালবাহাদুর ব্যায়ামাগারের খেলা ৩-৩ গোলে ড্র হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

**************************

**Weather :**

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু`এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ের বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রী সেলসিয়াস। সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।

*************************